

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কালুখালী, রাজবাড়ী।	
প্রশাসনিক কর্মকর্তা:	
অফিস সুপার	
সি এ কাম-ইউডিএ	
নাজির	
অফিস সহকারী	
প্রাপ্তি তারিখ	
টোকেন নং-	

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়
কালুখালী, রাজবাড়ী।

স্মারক নং- ৪৭.৬২.৮২৪৭.১০০.১৮.০০১.১৪(অংশ-২).২৮২

তারিখঃ ১২/১২/২০২২খ্রিঃ।

“নিয়োগ বিজ্ঞপ্তি”

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতাধীন কালুখালী উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লি: এর জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ০১ (এক) জন পরিদর্শক পদে জনবল নিয়োগের নিমিত্তে বাংলাদেশের স্থায়ী অধিবাসীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম	প্রকল্পের নাম	শিক্ষাগত যোগ্যতা	বেতন স্কেল	পদের সংখ্যা
০১	পরিদর্শক	ইউসিসিএ লি:	স্নাতক/সমমানের ডিগ্রী	১০২০০ - ২৪৬৮০/-	০১ (এক)জন

দরখাস্তের নিয়মাবলী

- আবেদনকারীকে স্বহস্তে লিখিত সাদা কাগজে নাম, ঠিকানা (স্থায়ী ও অস্থায়ী), শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (ঋণ দানকারী প্রতিষ্ঠানে) যদি থাকে তার স্বপক্ষে সংশ্লিষ্ট কাগজপত্রের সত্যায়িত কপি, সদ্য তোলা ০৩ কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সত্যায়িত, গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, স্থানীয় ইউনিয়ন চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্রসহ দরখাস্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আগামী ০৯/০১/২০২৩ খ্রি: তারিখে অফিস চলাকালীন সময়ের (সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ ঘটিকার) মধ্যে ডাকযোগে দাখিল করতে হবে।
- আবেদনকারীর বয়স ২৫/০৩/২০২০ খ্রি: তারিখে ১৮ হতে ৩০ বছর হতে হবে (মুক্তিযোদ্ধা ও পোষ্যদের ক্ষেত্রে ৩২ বছর)।
- পরিদর্শক পদে নিয়োগের ক্ষেত্রে স্থানীয় প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। প্রার্থীদের দেশের প্রত্যন্ত অঞ্চলে গণমানুষের সাথে কাজে আহ্বী হতে হবে এবং নিয়োগ প্রাপ্ত কর্মচারীকে বাংলাদেশের যে কোন ইউসিসিএ লি: বদলী করা যাবে।
- বিভাগীয় প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- নিয়োগকৃত পরিদর্শক এর বেতন-ভাতা ইউসিসিএ'র বিতরণকৃত ঋণের অর্জিত আয় থেকে প্রদান করা হবে। বেতনভাতা প্রদানের ক্ষেত্রে কোন জাতীয় স্কেল অনুসরণ করা বাধ্যতামূলক নয়।
- আবেদনপত্রের সাথে ৫০০/- টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে অর্ডার কালুখালী ইউসিসিএ লি: এর অনুকূলে (অগ্রনী ব্যাংক লি:, কালুখালী শাখা, রাজবাড়ী) দাখিল করতে হবে।
- অসম্পূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
- পরিদর্শক পদে লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হবে। প্রার্থীদেরকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৯ × ৪ ইঞ্চি খামে আবেদন করতে হবে এবং প্রাপকের অংশে স্থায়ী ঠিকানা সম্বলিত ফেরত খাম আবেদনের সংগে দিতে হবে।
- এই নিয়োগের ফলে সংশ্লিষ্ট কর্মচারী হিসাবে ভবিষ্যতে রাজস্ব বাজেট ভুক্তি এবং বিআরডিবি'র চাকুরীর জন্য যোগ্য বা অগ্রাধিকার প্রাপ্ত মর্মে গণ্য হবেন না।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- কোন ধরনের ব্যক্তিগত যোগাযোগ/তদারকি প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।


মোহাম্মদ সাইফুন আজর

সদস্য সচিব, নিয়োগ কমিটি, কালুখালী ইউসিসিএ লি:

ও

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
কালুখালী, রাজবাড়ী।